মুজিব বর্ষের অঙ্গীকার,
প্রযুক্তি এগিয়ে যাওয়ার হাতিয়ার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,
নোয়াখালী

## নোয়াখালী জেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর-২০২১ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ খোরশেদ আলম খান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৬/০৯/২০২১ খ্রি. |
| সভার সময় | ৩.০০ ঘটিকা |
| স্থান | Zoom Online Flatform. |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই করোনা ভাইরাস (কোভিড-১৯) দুর্যোগকালীন সময়ে সরকারের স্বাস্থ্যবিধি ও বিভিন্ন শর্তাবলী মেনে সুষ্ঠুভাবে অফিস পরিচালনা বিষয়ে গুরুত্ব আরোপ করেন। অতঃপর তিনি মাসিক সভার নির্ধারিত আলাচনা শুরু করার নির্দেশ দেন। নির্দেশনা মোতাবেক প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) বিগত আগষ্ট/ ২০২১ খ্রি. মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মতি সভা আহ্বান | করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ পরিস্থিতিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভৌত অথবা অনলাইনে জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মিত মাসিক সভা আহ্বানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত আইসিটি বিষয়ক কমিটির সভা নিয়মিত আহ্বান সংক্রান্ত সভার নোটিশ ও কার্যবিবরণী আবিশ্যিকভাবে একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি ও কমিটির অন্যান্য সকল মাননীয় সদস্যের নিকট প্রেরণসহ আহ্বানকৃত সভার নোটিশ ও কার্যবিবরণীর ০১ (এক) কপি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে (ই-নথি ও ইমেইল-ictcommitteereport@gmail.com) প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার (কোম্পানীগঞ্জ) এর দৃষ্টি আকর্ষণ করে জানতে চান, উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয় কিনা? জবাবে উপজেলা নির্বাহী অফিসার (কোম্পানীগঞ্জ) জানান তার দপ্তর হতে প্রতিমাসে সংশ্লিষ্ট দপ্তরে উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়।<br>প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী সভায় জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী এর আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিয়মিতভাবে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হচ্ছে। | ১) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী।<br>(২) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় (সকল), নোয়াখালী |
| ০২ | জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল ব্যবস্থাপনা | জেলা আইসিটি কমিটির সদস্য ও সিনিয়র তথ্য অফিসার সভার সভাপতি দৃষ্টি আকর্ষণ করে জানান, নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন নিঝুমদ্বীপ একটি পর্যটন এলাকা কিন্তু উক্ত ইউনিয়নের সরকারি ওয়েব পোর্টালে এ সংক্রান্ত উল্লেখযোগ্য তথ্যাবলী নেই। কর্মকর্তা কর্মচারীদের তথ্যাবলীসহ অন্যান্য তথ্যাবলী হালনাগাদ করা প্রয়োজন।<br>সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালী জানান তথ্য বাতায়ন হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। ইতিমধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী কর্তৃক সকল অফিসের একজন করে প্রতিনিধিকে ওয়েবপোর্টাল হালনাগাদের প্রাথমিক ধাপ "মুক্তপাঠ" এর প্রশিক্ষণ প্রদান করেছেন। তাই প্রতিটি সরকারি দপ্তরের মুক্তপাঠ প্রশিক্ষণধারীকে তাদের নিজস্ব দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ করার নির্দেশনা প্রদান করেন। হালনাগাদকালে কোন কারিগরি সহযোগিতা প্রয়োজন হলে প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী বা উপজেলা পর্যায়ে সহকারি প্রোগ্রামার এর সহিত যোগাযোগ করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আরো বলেন, জেলা পর্যায়ে ওয়েব পোর্টাল প্রশিক্ষণের জন্য ইতিমধ্যে প্রশিক্ষণার্থী মনোনয়ন চেয়ে সকল সরকারি দপ্তরে পত্র প্রেরণ করার প্রেক্ষিতে প্রশিক্ষণার্থীদের তথ্য পাওয়া গেছে। অতিদ্রুত প্রশিক্ষণ আয়োজন করা হবে।<br>**সিদ্ধান্তঃ**<br>(ক) নিঝুমদ্বীপ ইউনিয়নের ওয়েব পোর্টাল হালনাগাদের জন্য উপজেলা নির্বাহী অফিসার, হাতিয়া-কে অত্র দপ্তর হতে দ্রুত পত্র প্রেরণ করতে হবে।<br>(খ) ইতিমধ্যে মুক্তপাঠ প্রশিক্ষণধারীগণ কর্তৃক তাদেঁর স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম শুরু করতে হবে। তথ্য হালনাগাদের নিমিত্তে প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণকে কারিগরি সহযোগিতা ও মনিটরিং বৃদ্ধি করতে হবে।<br>(গ) ওয়েব পোর্টাল হালনাগাদ বিষয়ক প্রশিক্ষণ দ্রুত আয়োজন করতে হবে। | (১) জেলা দপ্তরসমূহের প্রধানগণ, নোয়াখালী।<br>(২)অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), নোয়াখালী<br>(৩) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত),নোয়াখালী।<br>(৪) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, আইসিটি অধিদপ্তর, নোয়াখালী। |

<table>
<tr>
<td>০৩</td>
<td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন ২য় পর্যায় প্রকল্পের কার্যক্রম।</td>
<td>প্রোগ্রামার (ভারপ্রাপ্ত জানান, বর্তমান সরকারের ভিশন-২০২১ ও ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় নোয়াখালী জেলায় ৮৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব (২য় পর্যায়) প্রকল্পের মাধ্যমে অত্র জেলায় ১১৫ টি নতুন ল্যাব স্থাপন করার জন্য জেলা হতে প্রত্যয়ন প্রেরণ করা হয়েছে। শীগ্রই ল্যাব স্থাপনের কার্যক্রম শুরু হবে। উপজেলাভিত্তিক স্থাপিতব্য ল্যাবের সম্ভাব্য সংখ্যা দেখানো হলো
<table>
<tr><td>ক্রমিক</td><td>উপজেলা</td><td>ল্যাবের সম্ভাব্য সংখ্যা</td></tr>
<tr><td>০১</td><td>নোয়াখালী সদর</td><td>১৩ টি</td></tr>
<tr><td>০২</td><td>কবিরহাট</td><td>০৯টি</td></tr>
<tr><td>০৩</td><td>কোম্পানীগঞ্জ</td><td>০৮টি</td></tr>
<tr><td>০৪</td><td>চাটখিল</td><td>১৮টি</td></tr>
<tr><td>০৫</td><td>বেগমগঞ্জ</td><td>২০ টি</td></tr>
<tr><td>০৬</td><td>সুবর্ণচর</td><td>০৮টি</td></tr>
<tr><td>০৭</td><td>সেনবাগ</td><td>১৫টি</td></tr>
<tr><td>০৮</td><td>সোনাইমুড়ি</td><td>০৮টি</td></tr>
<tr><td>০৯</td><td>হাতিয়া</td><td>১৬টি</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>১১৫ টি</td></tr>
</table>
সভাপতি জানান, করোনার শুরু হতে স্কুল কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শেখ রাসেল ডিজিটাল ল্যাবের কম্পিউটার যন্ত্রপাতির সঠিক ব্যবহার হচ্ছে না। শিক্ষা প্রতিষ্ঠান পুনঃরায় খোলার প্রেক্ষিতে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামারকে প্রতিমাসে অন্তত ০২ টি ল্যাব পরিদর্শন করার অনুরোধ করেন।<br>
সিদ্ধান্তঃ<br>
১। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার কর্তৃক মাসে অন্তত ২ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন সকল ল্যাব পরিদর্শন করার অনুরোধ করেন।</td>
<td>১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী।<br>(২) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী।<br>(৩) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় (সকল), নোয়াখালী<br>(৪) জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী।</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>প্রকল্প তালিকা প্রেরণ সংক্রান্ত।</td>
<td>সভায় প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) জানান, মান্যবর জেলা প্রশাসক, নোয়াখালী এর নির্দেশনা মোতাবেক প্রতিটি সরকারি দপ্তরে চলমান প্রকল্প তালিকা জেলা প্রশাসনের ওয়েবসাইটে সংযোজন করতে হবে। কিন্তু অদ্যবদি কোন দপ্তর হতে তথ্য পাওয়া যায়নি। সিনিয়র জেলা তথ্য অফিসার বলেন, কিছু নির্দিষ্ট দপ্তরে প্রকল্প প্রণয়ন করা হয় বিধায় ঐ সকল অফিস যেমন: স্বাস্থ্য, প্রকৌশল, গণপূর্ত ইত্যাদি অফিসে প্রকল্পের তথ্য চেয়ে পত্র প্রেরণ করা যেতে পারে।<br>
সিদ্ধান্তঃ জেলা প্রশাসক, নোয়াখালী এর নির্দেশনা মোতাবেক প্রকল্পের হালনাগাদ তথ্য চেয়ে দ্রুত এ সংক্রান্ত পত্র প্রেরণ করতে হবে।</td>
<td>(১) অফিস প্রধান (সকল), নোয়াখালী।<br>(২) সহকারী কমিশনার (আইসিটি) ,জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>ডিজিটাল বাংলাদেশ পুরস্কার-২০২১ প্রদান সংক্রান্ত কার্যক্রম।</td>
<td>তথ্যও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটেগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি দল ও প্রতিষ্ঠানকে "ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১" প্রদানের নিমিত্ত নির্দেশনা মোতাবেক মনোনয়ন /আবেদনআহ্বান করা হয়।তদ্‌প্রেক্ষিতে জেলা পর্যায়ে ডিজিটাল বাংলাদেশ পুরস্কার-২০২১ প্রদানের লক্ষ্যে প্রাপ্ত মনোনয়ন/আবেদন যাছাই-বাছাই ও মূল্যায়ন করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, নোয়াখালী জেলায় বিভিন্ন ক্যাটেগরিতে ০৪ (চার) টি আবেদন পাওয়া গেছে। মূল্যায়নের নিমেত্তে গঠিত কমিটি কর্তৃক ০২ টি আবেদন বাতিল ঘোষনা করা হয় এবং ০২ (দু্ই) টি আবেদন পুরস্কার পাওয়ার যোগ্য বলে বিবেচিত হওয়ায় তা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ / জমা প্রদান করা হয়।<br>
সিদ্ধান্তঃ বাতিল ও গ্রহণযোগ্য আবেদনের তালিকা নির্দেশনা মোতাবেক আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে।</td>
<td>(০১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>(০২) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৬ | ইনফো-সরকার (ফেইজ-২) প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত। | ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় সেপ্টেম্বর, ২০২১ খ্রি. পর্যন্ত ইউনিয়ন পপ হতে ইন্টারনেট সংযোগ প্রদান সংক্রান্ত তথ্য (নিচের সারণি দেখুন)<br><br>সিদ্ধান্তঃ ইনফো সরকার (ফেইজ-৩) প্রকল্পের সংযোগ বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার (ফেইজ-৩) প্রকল্প। |

ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় সেপ্টেম্বর, ২০২১ খ্রি. পর্যন্ত ইউনিয়ন পপ হতে ইন্টারনেট সংযোগ প্রদান সংক্রান্ত তথ্য

| ক্র. নং | উপজেলা | ইউনিয়ন | সংযোগকৃত সরকারি অফিস | সংযোগকৃত শিক্ষা প্রতিষ্ঠান | স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান | বেসরকারি অফিস | অন্যান্য (ব্যবসা প্রতিষ্ঠান ও বাসা বাড়ি) | মোট সংযোগকৃত গ্রাহক সংখ্যা | ISP অপারেটর-দের নাম |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কবিরহাট | সুন্দলপুর | ২৫ | ৬ | ২ | ১২ | ৩১৬ | ৩৬১ | হাতিয়া আইটি পার্ক |
| ২ | সুবর্ণচর | চর ক্লার্ক | ০ | ০ | ১ | ০ | ০ | ১ | প্রিমিয়াম কানেক্টিভিটি |
| ৩ | সোনাইমুড়ী | সোনাপুর | ০ | ০ | ১ | ০ | ০ | ১ | ফাস্ট এন্ড ফাস্ট আইটি |
| | | আমিশা পাড়া | ০ | ০ | ২ | ০ | ০ | ২ | টেলনেট কমিউনিকেশন |
| | | দেওটি | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | অরেঞ্জ কমিউনিকেশন |
| | | বজরা | ০ | ৫ | ০ | ০ | ২৭ | ৩২ | সজিব ট্রেডিং |
| | | উপজেলা পপ | ০ | ০ | ০ | ০ | ৩ | ৩ | এসএসডি টেক |
| ৪ | কোম্পানীগঞ্জ | মুছাপুর | ০ | ০ | ০ | ০ | ২৮০ | ২৮০ | হাতিয়া আইটি পার্ক |
| | | রামপুর | ২ | ৪ | ০ | ০ | ২৯৭ | ৩০৩ | হাতিয়া আইটি পার্ক |
| | | চরপার্বতী | ০ | ০ | ১ | ০ | ০ | ১ | সাজিদ ট্রেডিং |
| | | চর হাজারী | ০ | ০ | ০ | ০ | ৪৯ | ৪৯ | নোয়াখালী ব্রডব্যান্ড |
| ৫ | চাটখিল | নোয়াখলা | ০ | ০ | ০ | ০ | ৩০ | ৩০ | নোয়াখালী ব্রডব্যান্ড |
| | | উপজেলা পপ | ০ | ০ | ৫ | ০ | ০ | ৫ | জিওটেক |
| ৬ | বেগমগঞ্জ | মিরওয়ারিশপুর | ০ | ৫ | ০ | ০ | ৩৩২ | ৩৩৭ | জিরো ফোর কমিউনিকেশান |
| | | গোপালপুর | ৪ | ৬ | ৭ | ১৩ | ৩৭৮ | ৪০৮ | হাতিয়া আইটি পার্ক |
| | | ছয়ানী | ০ | ০ | ১ | ০ | ০ | ১ | কেএস নেটওয়ার্ক |
| | | উপজেলা পপ | ০ | ০ | ০ | ২ | ০ | ২ | ইন্টার ক্লাউড আইটি |
| ৭ | সেনবাগ | কাবিল পুর | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | আম্বার আইটি |
| | | ডুমুরা | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | কেএস নেটওয়ার্ক |
| | | ছাতার পাইয়া | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | প্লুক্সস ক্লাউড |
| **সর্বমোট** | | | ৩১ | ২৭ | ২০ | ২৭ | ১৭১৫ | ১৮২০ | -- |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | করোনা প্রতিরোধী ভ্যাকসিন বিতরণে "সুরক্ষা" সফটওয়্যার এর মাধ্যমে গৃহীত কর্মসূচীর হালনাগাদ তথ্য | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) জানান, দেশে করোনাভাইরাস ভ্যাকসিনের সুষ্ঠু বিতরণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর প্রোগ্রামারগণ কর্তৃক তৈরিকৃত "সুরক্ষা" সফটওয়্যারে সকল নাগরিকের রেজিষ্ট্রেশন বাধ্যতামূলক করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের অনুরোধের প্রেক্ষিতে আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণকে উক্ত রেজিষ্ট্রেশনের ক্ষেত্রে কারিগরি সহযোগিতা প্রধানের জন্য নির্দেশনা দেয়া হয়েছে । সভাপতি জানান, করোনা ভ্যাকসিন প্রদানে সার্বিক ব্যবস্থাপনায় প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণকে যুক্ত করা হয়েছে। তিনি আরো বলেন, উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের স্ব-স্ব অধিক্ষেত্রে ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের প্রচারে অন্তর্ভুক্ত করে টিকার রেজিস্ট্রেশন কার্যক্রম চালিয়ে যেতে হবে।<br>সিদ্ধান্তঃ<br>১। রেজিষ্ট্রেশন কার্যক্রম সার্বিকভাবে তদারকির জন্য অত্র জেলায় কর্মরত প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামারগণকে অনুরোধ করা হয়। | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী। |

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ই-সেবা কার্যক্রম জোরদার করার এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সভায় উপস্থিত/ অনুপস্থিত সদস্যগনের তালিকাঃ পরিশিষ্ট "ক"**

| | | ক্রঃ | কমিটির সদস্যের নাম | মন্তব্য | |
|---|---|---|---|---|---|
| | জেলা আইসিটি কমিটির সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা। | ০১ | পুলিশ সুপার | উপস্থিত | সকল সদস্য, জেলা আইসিটি কমিটি, নোয়াখালী। |
| | | ০২ | সিভিল সার্জন | অনুপস্থিত | |
| | | ০৩ | প্রধান নির্বাহী কর্মকর্তা (জেলাপরিষদ) | অনুপস্থিত | |
| | | ০৪ | উপ-পরিচালক (স্থানীয়সরকার) | অনুপস্থিত | |
| | | ০৫ | অধ্যক্ষ, নোয়াখালী সরকারি কলেজ | অনুপস্থিত | |
| | | ০৬ | অধ্যক্ষ ,সরকারি মহিলা কলেজ, নোয়াখালী | উপস্থিত | |
| | | ০৭ | অধ্যক্ষভুলুয়া ডিগ্রী কলেজ | উপস্থিত | |
| | | ০৮ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | উপস্থিত | |
| | | ০৯ | নির্বাহী প্রকৌশলী (গণপূর্তবিভাগ) | অনুপস্থিত | |
| | | ১০ | উপ-পরিচালক (কৃষি) | অনুপস্থিত | |
| | | ১১ | উপ-পরিচালক (সমাজসেবা) | উপস্থিত | |
| | | ১২ | উপ-মহাব্যবস্থাপক (টেলিকম), বিটিসিএল | অনুপস্থিত | |
| | | ১৩ | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | অনুপস্থিত | |
| | | ১৪ | সহকারী কমিশনার (আইসিটি শাখা) | উপস্থিত | |
| | | ১৫ | সহকারী কমিশনার (শিক্ষা ও কল্যান শাখা) | অনুপস্থিত | |
| | | ১৬ | জেলা মৎস্য কর্মকর্তা | অনুপস্থিত | |
| | | ১৭ | সিনিয়র জেলা তথ্য অফিসার | উপস্থিত | |
| | | ১৮ | জেলা শিক্ষা অফিসার | উপস্থিত | |
| | | ১৯ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | উপস্থিত | |
| | | ২০ | অধ্যক্ষ, টিটিসি, নোয়াখালী | অনুপস্থিত | |
| | | ২১ | প্রধান শিক্ষক, নোয়াখালী জিলা স্কুল | অনুপস্থিত | |
| | | ২২ | অধ্যক্ষ, সোনাপুর কলেজ | অনুপস্থিত | |
| | | ২৩ | এপটেক-আইটিইনস্টিটিউট,নোয়াখালী | অনুপস্থিত | |
| | | ২৪ | প্রতিনিধি, ফাইবার@হোম | অনুপস্থিত | |
| | | ২৫ | উদ্যোক্তা, নেয়াজপুর ইউডিসি, সদর, নোয়াখালী | উপস্থিত | |
| | | ২৬ | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) | উপস্থিত | |

মোহাম্মদ খোরশেদ আলম খান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৫০০.০০০.০৬.০০৩.২০.১০৯

তারিখ: ৩ কার্তিক ১৪২৮
১৯ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রনালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

২) মাননীয় সংসদ সদস্য, ২৭১-নোয়াখালী-৪ এবং উপদেষ্টা, জেলা আইসিটি বিষয়ক কমিটি, নোয়াখালী

৩) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৪) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৫) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

৬) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৭) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী

৮) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী

৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী

১০) উপ পরিচালক (চলতি দায়িত্ব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী

১১) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী

১২) অধ্যক্ষ,, নোয়াখালী সরকারী কলেজ,, নোয়াখালী

১৩) অধ্যক্ষ,, নোয়াখালী সরকারি মহিলা কলেজ,, নোয়াখালী

১৪) অধ্যক্ষ,, জেলা কারিগরি/ ভোকেশনাল ইনস্টিটিউট, ,নোয়াখালী

১৫) অধ্যক্ষ, ভুলুয়া ডিগ্রি কলেজ, নোয়াখালী

১৬) অধ্যক্ষ, সোনাপুর কলেজ, নোয়াখালী

১৭) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নোয়াখালী

১৮) উপপরিচালক , উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নোয়াখালী

১৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল),নোয়াখালী
২০) প্রোগ্রামার, (বর্তমানে প্রধান কার্যালয়ে সংযুক্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী
২১) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নোয়াখালী
২২) সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নোয়াখালী
২৩) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
২৪) উপপরিচালক (ভারপ্রাপ্ত), উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী
২৫) উপ-মহাব্যবস্থাপক (টেলিকম),, বিটিসিএল, নোয়াখালী
২৬) সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৭) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৮) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৯) সহকারী প্রোগ্রামার (সকল),আইসিটি অধিদপ্তর,নোয়াখালী
৩০) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, নোয়াখালী
৩১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নোয়াখালী
৩২) প্রধান শিক্ষক, নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী
৩৩) জেলা প্রতিনিধি, ফাইবার এট হোম লিঃ, নোয়াখালী (ইনফো সরকার ফেজ-২/৩ প্রকল্প))
৩৪) উদ্যোক্তা, নেয়াজপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার, নোয়াখালী সদর, নোয়াখালী
৩৫) প্রোপাইটর, এপটেক আইটি, নোয়াখালী

সৈয়দ মোহাম্মদ মিরাজ হোসেন
প্রোগ্রামার (ভারপ্রাপ্ত)